

(২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

[Handwritten Signature]
০৫/০৩/২০১৬
সিদ্ধান্ত

নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬- ৭১২

২৮/১১/১৬ ৭৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ ০২/১১/২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর আরডিপি শাখার প্লেট মেকার জনাব কাজী গোলাম কিবরিয়া গত ০৬-০৩-২০১৬ তারিখ সম্পূর্ণ অন্যায্যভাবে আরডিপি-র প্রিন্টার ও অন্যান্য সম্পদ ব্যবহার করে দেশে চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩নং দাড়িয়াল ইউনিয়ন পরিষদ এর ৭ নং ওয়ার্ডের মেম্বার পদপ্রার্থী জনৈক মোঃ আজিজ হাওলাদার এর টিউবওয়েল মার্কার প্রায় ৮০০ (আটশত) কপি ফুল ডিমাই অফসেট কাগজে পোষ্টার ছাপানোর কাজে অংশগ্রহণ করার দায়ে তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয় (নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-১৩২৯, তারিখ: ২৮/০৪/২০১৬ খ্রি.)। অভিযোগনামার জবাব এবং তার ব্যক্তিগত শুনানীর বক্তব্য পর্যালোচনায় অসদাচরণ এর জন্য দোষী সাব্যস্ত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) নং বিধি মোতাবেক জনাব কাজী গোলাম কিবরিয়া এর একটি বার্ষিক বেতন বৃদ্ধি ভবিষ্যতে প্রাপ্য না হওয়ার শর্তে এক বছরের জন্য স্থগিত করা হয় এবং বিভাগীয় মামলা নং (নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-১৩২৯, তারিখ: ২৮/০৪/২০১৬ এ অফিযোগের শাস্তির রায় ২৮-০৭-২০১৬ খ্রি. তারিখ হতে কার্যকর হয়। তিনি ৩১-০৭-২০১৬ খ্রি. তারিখ শাস্তির আদেশ গ্রহণ করেন।

০২। জনাব কাজী গোলাম কিবরিয়া, প্লেট মেকার তার শাস্তি মওকুফের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ৩মাস ২৯ দিন পর গত ৩০/১১/২০১৬ খ্রি. তারিখ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর আপীল করেন। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলায় আদেশের বিরুদ্ধে বিধি ১৮ অনুযায়ী আপীলের সময়সীমার বিষয়ে উল্লেখ রয়েছে, যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইবে সেই আদেশ সম্পর্কে আপীলকারীকে অবহিত করার তারিখ হতে তিন মাসের মধ্যে আপীল দায়ের করা না হইলে অথবা বিলম্বের যুক্তিসংগত কারণ উল্লেখ করা না হলে এই অংশের অধীনে কোন আপীল গ্রহণযোগ্য হবে না। বর্ণিতাবস্থায় আবেদনকারী জনাব মোঃ বিল্লাল হোসেন, টেকনিক্যাল অপারেটর এর আপীল সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২০ (বি) অনুযায়ী আপীল গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট অগ্রায়ণ করা সম্ভব হলো না।

[Handwritten Signature]
মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন নং ৯১১২৫৮৯
E-mail: dg@bbs.gov.bd

বিতরণঃ সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন/বিতরণ/সমন্বয়/ফিল্ড প্রশাসন/আরডিপি), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, বিবিএস, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ৭। স্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ৮। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- ৯। জনাব কাজী গোলাম কিবরিয়া, প্লেট মেকার, আরডিপি শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ১০। হিসাব শাখা (আরডিপি), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ১১। ব্যক্তিগত নথি।
- ১২। অফিস কপি/গার্ড নথি।